| ০৮ | ফেব্রুয়ারি/২০২৩ | ৪৬ | |
| ০৯ | মার্চ/২০২৩ | ৫০ | |
| ১০ | এপ্রিল/২০২৩ | ৩১ | |
| ১১ | মে/২০২৩ | ৪২ | |
| ১২ | জুন/২০২৩ | ৩৪ | |
| সর্বমোট = | | ৫০৩ | |

০১-০৭-২০২২খ্রিঃ হতে ৩০-০৬-২০২৩খ্রিঃ পর্যন্ত বহিঃবাংলাদেশ ছুটি/হজ্জ ছুটি মঞ্জুরির তালিকা :

| ক্রমিক নং | মাসের নাম | নিষ্পত্তিকৃত থোক মঞ্জুরির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | জুলাই/২২ | ৪ টি | |
| ০২ | আগস্ট/২২ | ৫ টি | |
| ০৩ | সেপ্টেম্বর/২২ | ৮ টি | |
| ০৪ | অক্টোবর/২২ | ১০ টি | |
| ০৫ | নভেম্বর/২২ | ১০ টি | |
| ০৬ | ডিসেম্বর/২২ | ৯ টি | |
| ০৭ | জানুয়ারি/২৩ | ৪ টি | |
| ০৮ | ফেব্রুয়ারি/২৩ | ১১ টি | |
| ০৯ | মার্চ/২৩ | ৭ টি | |
| ১০ | এপ্রিল/২৩ | ১৮ টি | |
| ১১ | মে/২৩ | ১৮ টি | |
| ১২ | জুন/২৩ | ৩ টি | |
| | সর্বমোট = | ১০৭ টি | |

০১-০৭-২০২২খ্রিঃ হতে ৩০-০৬-২০২৩খ্রিঃ পর্যন্ত শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরির তালিকা:

| ক্রমিক নং | মাসের নাম | নিষ্পত্তিকৃত থোক মঞ্জুরির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | জুলাই/২২ | ২২ টি | |
| ০২ | আগস্ট/২২ | ২৬ টি | |
| ০৩ | সেপ্টেম্বর/২২ | ১৪ টি | |
| ০৪ | অক্টোবর/২২ | ১২ টি | |
| ০৫ | নভেম্বর/২২ | ১৯ টি | |
| ০৬ | ডিসেম্বর/২২ | ১১ টি | |
| ০৭ | জানুয়ারি/২৩ | ৯ টি | |
| ০৮ | ফেব্রুয়ারি/২৩ | ৬ টি | |
| ০৯ | মার্চ/২৩ | ১৩ টি | |
| ১০ | এপ্রিল/২৩ | ২ টি | |
| ১১ | মে/২৩ | ২ টি | |
| ১২ | জুন/২৩ | ৪ টি | |
| | সর্বমোট = | ১৪০ টি | |

০১-০৭-২০২২খ্রিঃ হতে ৩০-০৬-২০২৩খ্রিঃ পর্যন্ত অর্জিত ছুটি মঞ্জুরির তালিকা :

| ক্রমিক নং | মাসের নাম | নিষ্পত্তিকৃত থোক মঞ্জুরির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | জুলাই/২২ | ১৫ টি | |
| ০২ | আগস্ট/২২ | ৮ টি | |
| ০৩ | সেপ্টেম্বর/২২ | ১৬ টি | |
| ০৪ | অক্টোবর/২২ | ৭ টি | |
| ০৫ | নভেম্বর/২২ | ১১ টি | |
| ০৬ | ডিসেম্বর/২২ | ১০ টি | |
| ০৭ | জানুয়ারি/২৩ | ৪ টি | |
| ০৮ | ফেব্রুয়ারি/২৩ | ৫ টি | |
| ০৯ | মার্চ/২৩ | ১৪ টি | |
| ১০ | এপ্রিল/২৩ | ২২ টি | |
| ১১ | মে/২৩ | ৩ টি | |
| ১২ | জুন/২৩ | ৫ টি | |
| | সর্বমোট = | **১২০ টি** | |

০১-০৭-২০২২খ্রিঃ হতে ৩০-০৬-২০২৩খ্রিঃ পর্যন্ত পাসপোর্ট করার নিমিত্ত্বে অনাপত্তি (NOC) প্রদান সংক্রান্ত:

| ক্রমিক নং | মাসের নাম | নিষ্পত্তিকৃত থোক মঞ্জুরির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | জুলাই/২২ | ৯ টি | |
| ০২ | আগস্ট/২২ | ৩ টি | |
| ০৩ | সেপ্টেম্বর/২২ | ২২ টি | |
| ০৪ | অক্টোবর/২২ | ২৩ টি | |
| ০৫ | নভেম্বর/২২ | ৯ টি | |
| ০৬ | ডিসেম্বর/২২ | ১২ টি | |
| ০৭ | জানুয়ারি/২৩ | ১৫ টি | |
| ০৮ | ফেব্রুয়ারি/২৩ | ২২ টি | |
| ০৯ | মার্চ/২৩ | ১০ টি | |
| ১০ | এপ্রিল/২৩ | ৪ টি | |
| ১১ | মে/২৩ | ৭ টি | |
| ১২ | জুন/২৩ | ৪ টি | |
| | সর্বমোট = | **১৪০ টি** | |

**২০২২-২০২৩ অর্থবছরের কার্যাবলি সংক্রান্ত সরকারের নির্দেশনা সমূহের বাস্তবায়ন অগ্রগতি:**

| সুপারিশ নং | সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১৯ | সরকারি আর্থিক ব্যয়ে কৃচ্ছতা সাধনের লক্ষ্যে গৃহীত ব্যবস্থা বাস্তবায়নের জন্য নিয়মিত মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান আছে। |
| ২১ | মাঠপর্যায়ে সরকারি চাকুরিজীবীদের আবাসন সংকট লাঘব ও জমির হ্রাসকৃত ব্যবহার বিবেচনায় আধুনিক সুযোগসুবিধা সংবলিত বহুতলবিশিষ্ট 'Condominium Housing Complex' নির্মাণের উদ্যোগ নিতে হবে এবং বিদ্যমান ভবনসমূহের সংস্কার ও আধুনিকায়ন করতে হবে। | টেলিযোগাযোগ অধিদপ্তরের মাঠপর্যায়ে কোন অফিস না থাকায় আবাসন সংকটও নেই। |
| ২৫ | উল্লিখিত Country of Origin-এর ব্যত্যয় ঘটিয়ে যেন কোনো ক্রয় কার্যক্রম সম্পন্ন না হয় সে বিষয়ে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের সময় সতর্ক | নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান আছে। |
| ২৬ | প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় শুদ্ধাচার কৌশল, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি প্রভৃতি সুশাসনের টুলস (Tools) যথাযথ বাস্তবায়নের মাধ্যমে প্রশাসনিক ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতে সচেষ্ট হবে এবং সকল প্রকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করবে। | নির্দেশনার আলোকে, প্রশাসনিক ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতে টেলিযোগাযোগ অধিদপ্তর সচেষ্ট আছে এবং সকল প্রকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ মোতাবেক কার্যক্রম চলমান আছে। |

## ২০২২-২০২৩ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কিছু কার্যক্রম :

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত আবৃত্তি প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীদের নিয়ে টেলিযোগাযোগ অধিদপ্তরে একটি পৃথক আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত আবৃত্তি প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীদের নিয়ে টেলিযোগাযোগ অধিদপ্তরে আয়োজিত আবৃত্তি প্রতিযোগিতা।

- টেলিযোগাযোগ অধিদপ্তর 'ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২৩' এ অংশগ্রহণ করে। টেলিযোগাযোগ অধিদপ্তরের মিনি প্যাভিলিয়নটি শ্রেষ্ঠ মিনি প্যাভিলিয়ন এর পুরস্কার পায়।









'সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ' শীর্ষক প্রকল্প



আন্তর্জাতিক মার্তৃভাষা দিবসের আলোচনা সভায় মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়



ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২৩ উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতা



অন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন ডিজি ডিওটি

- ই-নথির ব্যবহার বৃদ্ধিতে সচেতনতার ফলে জুন/২০২৩ মাস পর্যন্ত ই-নথির ব্যবহার বৃদ্ধিতে ডিওটি'র অর্জন প্রায় ৯৩.২১%।

- টেলিযোগাযোগ অধিদপ্তরের জন্য নিজস্ব অফিস ভবন প্রয়োজন। চাহিদা অনুযায়ী জমি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অধিদপ্তরের নিজস্ব ভবন নির্মাণ কাজ সম্পন্ন করা হবে। অধিদপ্তরের নিজস্ব অফিস ভবন স্থাপনের জন্য চাহিদা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।

- ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহের টেলিযোগাযোগ অধিদপ্তর ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস -২০২৩ এ অংশগ্রহণ করে।

## অবকাঠামো উন্নয়ন:

২০২২-২০২৩ অর্থবছরে অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ (বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি)

| ক্রম | অবকাঠামো উন্নয়ন প্রকল্পের নাম | ২০২২-২৩ এর বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকা) | ২০২২-২৩ এর ব্যয়িত অর্থ (লক্ষ টাকা) | (২০২২-২৩) লক্ষ্যমাত্রা | অগ্রগতির শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ১ | সিটিডিআরসিস্টেম: "Supply, Installation, Testing and Commissioning of Equipment for Expansion of Cyber Threat Detection and Response Center" কাজ (আর্থিক সম্পদ '৪১১২২০৪ খাত': টেলিযোগাযোগ সরঞ্জামাদি)। | ৪৫০ | ৪৪৫ | ৪৫০ | ৯৮.৮৯% |
| ২ | সিটিডিআর সিস্টেম: "Supply, Installation, Testing and Commissioning of Equipment, Accessories and Related services for Maintenance and Operation of CTDR Centre" কাজ (মেরামত ও সংরক্ষণ '৩২৫৮১২৬ খাত': টেলিযোগাযোগ সরঞ্জামাদি)। | ১৫০ | ১৪৪.৭৬৯ | ১৫০ | ৯৬.৫১% |
| ৩ | সিটিডিআর সিস্টেম: (মেরামত ও সংরক্ষণ '৩২৫৮১০৫ খাত': অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি) | ৩.২০ সিটিডিআরসহ ডিওটি'র বরাদ্দ | ২.৫১ | ২.৫১ | সিটিডিআরসহ ডিওটি'র ব্যয়=২.৭৯৪, সে মোতাবেক অগ্রগতির হার ৮৭.৩১% |
| ৪ | "সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ" শীর্ষক প্রকল্প (এসওএফ অর্থায়নে) | এসওএফ অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ সাল ভিত্তিক বরাদ্দ প্রদান করা হয় না। | ৪৩৪৬.৬৪ | ৪৩৪৬.৬৪ | ১০০% |
| ৫ | "সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স (ফেইজ-২)" শীর্ষক প্রকল্প | মূলধন: ৪২২৫.২৪ রাজস্ব: ৬৬.৯২ | ৪২৪১ | ৪২৯২.১৬ | ৯৮.৮০% |

| ক্রম | অবকাঠামো উন্নয়ন প্রকল্পের নাম | ২০২২-২৩ এর বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকা) | ২০২২-২৩ এর ব্যয়িত অর্থ (লক্ষ টাকা) | (২০২২-২৩) লক্ষ্যমাত্রা | অগ্রগতির শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ৬ | "Feasibility Study for "Establishment of ITU recognized Telecommunication Conformance Testing Centre and founding Telecom Testing Regime in Bangladesh" and "Establishment of National Academy for Advance Telecommunications Research and Training (NAATRT)" শীর্ষক প্রকল্প | সংশোধিত বরাদ্দ: ৫০ অর্থ ছাড়: ২১.২৫ | ২.৩৯০৩ | ২১.২৫ | ১১.২৫% |



ডিওটি এর কর্মকর্তাগণ ডি-নথির উপর প্রশিক্ষণ গ্রহণ করছেন।

## কমিটি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ:

সুষ্ঠু কর্মসম্পাদনের জন্য বর্তমানে টেলিযোগাযোগ অধিদপ্তরে বিভিন্ন কমিটি কর্মরত রয়েছে। যেমন- জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও পরিবীক্ষণের জন্য এপিএ কমিটি, ইনোভেশন কমিটি, নিরীক্ষা কমিটি, ইত্যাদি।

এছাড়া কল্যাণ কর্মকর্তা, তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত, দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার সংক্রান্ত ও সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা কাজ করছে। টেলিযোগাযোগ অধিদপ্তরের সেবার মান উন্নয়নে অফিস কক্ষে একটি অভিযোগ বাক্স স্থাপন করা আছে।

## শুদ্ধাচার পুরস্কার:

টেলিযোগাযোগ অধিদপ্তর ২০২২-২০২৩ অর্থ বছরে ৬ (ছয়) জন কর্মকর্তা-কর্মচারীকে এক মাসের বেসিকের সমান অর্থ ও ক্রেস্ট শুদ্ধাচার পুরস্কার হিসাবে প্রদান করে।







শুদ্ধাচার পুরস্কার বিজয়ীদেরকে সম্মাননা প্রদান করছেন ডিজি, ডিওটি

## ইনোভেশন:


বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে, উন্নয়ন পরিকল্পনায় তথ্য প্রযুক্তির ব্যবহারকে অগ্রাধিকার দেয়া হয়েছে। প্রযুক্তির প্রয়োগের দ্বারা, সামাজিক কর্মক্ষেত্র সহজ ও স্বল্প সময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের একটি 'ইনোভেশন কমিটি' কর্মরত রয়েছে।

ইনোভেশন কমিটি ২০২২-২০২৩ অর্থ বছরে টেলিযোগাযোগ অধিদপ্তর জিপিএফ (ফেরৎযোগ্য) সেবাটি সহজিকরণ করে। নিম্নে সেবাটির সহজিকরণ করার পূর্বের ও পরের প্রসেস ম্যাপ দেখানো হলো।

# ১) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)




## ২) সহজিকরণ করার পর প্রসেস ম্যাপ



৩। বিদ্যমান ও বাস্তবায়িত পদ্ধতির TCV (Time, Cost & Visit) এর তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (কর্মদিবস) | ১৩ কর্মদিবস | ৮ কর্মদিবস |
| খরচ (নাগরিক ও অফিসের) | অফিস: ০.০০ টাকা।<br><br>নাগরিক: আনুমানিক ৩০০০ টাকা (এজি অফিসে যাতায়াতসহ) | অফিস: ০.০০ টাকা।<br><br>নাগরিক: ১০০০.০০ টাকা (এজি অফিসে যাতায়াতের জন্য) |
| যাতায়াত | ০২ বার (এজি অফিসে যাতায়াত বাদে) | শূন্যবার (এজি অফিসে যাতায়াত বাদে) |
| সেবার গুণগত মান | অসম্পূর্ণ আবেদনের জন্য আনুমানিক ১০% আবেদনকারীকে পুনরায় ডকুমেন্ট জমাদান করতে হয়। | প্রমিত আবেদনপত্র এবং সংযুক্তিসমূহের তালিকা প্রমিত আবেদনপত্রে উল্লেখ থাকায় আনুমানিক ৯৯% আবেদন নিষ্পন্ন করা সম্ভব হতে পারে। |
| ধাপ | ২৩টি | ১৮টি |
| জনবল | ১২জন | ৮জন |
| দাখিলকৃত কাগজপত্র | এজি অফিস হতে জিপিএফ ফরম ও ibass++ হতে ব্যালান্স শীট, সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশসহ (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনপত্র। | এজি অফিস হতে জিপিএফ ফরম ও ibass++ হতে ব্যালান্স শীট, সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশসহ (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনপত্র ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজাদি। |

**লেখচিত্র: বিদ্যমান ও বাস্তবায়িত পদ্ধতির তুলনা**




ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে ইনোভেশন কার্যক্রমের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে টেলিযোগাযোগ অধিদপ্তর যৌথভাবে প্রথম স্থান অধিকার করে।

## সম্পদ ও অফিস ব্যবস্থাপনা:

### অফিস ব্যবস্থাপনা আধুনিকীকরণ:

- অফিস অটোমেশন ও কর্মকর্তা-কর্মচারীদের সকল ডাটাবেজ সংরক্ষণের জন্য একটি আধুনিক নেটওয়ার্কিং সিস্টেম চালু করা হয়েছে।
- সার্ভিস ট্র্যাকিং সিস্টেম চালু করা হয়েছে।
- প্রশিক্ষণ প্রদান, সভা পরিচালনা ইত্যাদির জন্য আধুনিক মাল্টিমিডিয়া প্রজেক্টর ও মাইক্রোফোন সিস্টেম সমৃদ্ধ একটি সুপরিসর কনফারেন্স কক্ষ তৈরি করা হয়েছে।
- এমপ্লয়ি উপস্থিতি ম্যানেজমেন্ট সিস্টেম, লিভ ম্যানেজমেন্ট সিস্টেম, ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি ইত্যাদি চালু করা হয়েছে।
- যোগদান পত্র, নৈমিত্তিক ছুটির ফরম, অফিস মালামালের চাহিদাপত্র, পিআরএল ফরমসহ প্রয়োজনীয় সকল ফরম ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
- টেলিযোগাযোগ অধিদপ্তর থেকে প্রদত্ত বিভিন্ন সার্ভিস প্রদানের বিষয়ে গেইটে একটা ডিজিটাল ডিসপ্লে স্ক্রল প্রদর্শন করা হচ্ছে।

## সম্পদ ব্যবস্থাপনা:

টেলিযোগাযোগ অধিদপ্তরে প্রয়োজনীয় স্টেশনারি, অন্যান্য সরঞ্জামাদি এবং ব্যবহৃত গাড়িসমূহকে একটি স্টোর ইনভেন্টরি ম্যানেজমেন্ট ও কার রিক্যুইজিশন সফটওয়্যারে মাধ্যমে করা হয়ে থাকে। উক্ত সফ্টওয়্যার এর মাধ্যমে স্টোরে বর্তমান পণ্যের স্টক এর পরিমান পরীক্ষা করত: অনুরোধকৃত আইটেমের কতটুকু আছে তা খুঁজে বের করা হয়। একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে অনুরোধকারী বর্তমান অনুরোধকৃত আইটেমটির জন্য পূর্বে কতবার অনুরোধ করেছেন ও সংগ্রহ করেছেন তা জেনে অনুরোধকৃত আইটেমটি বরাদ্দের ব্যবস্থা করা হয়। যানবাহনের রিকুইজিশন এর জন্য অনুরোধকারী একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে কতবার রিকুইজিশন এর জন্য অনুরোধ করেছেন তা-ও উক্ত সফ্টওয়্যার এর মাধ্যমে সংরক্ষণ করা যায়।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কার্যক্রম:

১। **জাতীয় শোক দিবস উদযাপন:** টেলিযোগাযোগ অধিদপ্তরে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়।

২। **সবার জন্য নিরাপদ ইন্টারনেট:** টেলিযোগাযোগ অধিদপ্তর CTDR Center এর মাধ্যমে

(১) সাইবার হুমকি সংক্রান্ত বিষয়াদি মনিটরিং; (২) দেশের সকল IIG এবং NIX -এ যন্ত্রপাতি সংস্থাপনের মাধ্যমে সাইবার হুমকি সংক্রান্ত বিষয়াদি সনাক্তকরণ এবং সরকারি নীতিমালা অনুযায়ী তা ফিল্টারিং এর ব্যবস্থা গ্রহণ; (৩) সাইবার অপরাধ হ্রাসে সহায়ক ভূমিকা পালন; (৪) দেশের সামাজিক নীতি ও মূল্যবোধের সংগে সামঞ্জস্যপূর্ণ নিরাপদ ইন্টারনেট ব্যবস্থাপনা সুনিশ্চিত করণে ভূমিকা রাখা সম্ভব হচ্ছে।

৩। **সেবার মান পর্যবেক্ষণ:** টেলিযোগাযোগ অধিদপ্তরের সার্বিক কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে একটি সেবা মনিটরিং

কমিটি গঠন করা হয়েছে । কমিটি প্রতি মাসে যে প্রতিবেদন প্রদান করে তার ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। ফলে সেবার মান পর্যবেক্ষণ ও উন্নয়ণ করা সম্ভব হচ্ছে।

৪ । **অগ্নিনির্বাপক যন্ত্রপাতি স্থাপন:** 'সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স' প্রকল্পের নেটওয়ার্ক অপারেশন সেন্টারে স্মোক ডিটেকটরসহ অগ্নিনির্বাপক যন্ত্রপাতি ও প্রশাসনিক ভবনের অন্যান্য স্থানে ফায়ার এক্সটিংগুইশার স্থাপন করা হয়েছে।

৫ । **ই-জিপি ব্যবহার:** অধিক স্বচ্ছতা ও দ্রুততার সংগে ক্রয় কাজ সম্পন্ন করার জন্য ই-জিপি ব্যবস্থা চালু করা হয়েছে।

৬। **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এ.পি.এ) বাস্তবায়ন:** টেলিযোগাযোগ অধিদপ্তর ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সাথে স্বাক্ষরিত ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে।

৭। **জাতীয় শুদ্ধাচার কৌশল অনুশীলন:** টেলিযোগাযোগ অধিদপ্তর জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০২২-২০২৩ যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে এবং শুদ্ধাচার পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ কাঠামোর ভিত্তিতে প্রাপ্ত নম্বর অনুসারে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনস্থদপ্তর/সংস্থাসমূহের মধ্যে টেলিযোগাযোগ অধিদপ্তরের অবস্থান সন্তোষজনক।

৮। **উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ:** মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার ভিত্তিতে প্রণীত ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য উদ্ভাবনী কর্ম পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। কর্ম ও সেবায় উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করার ফলে সেবা প্রদান সহজতর হয়েছে।

৯। **ই-নথির ব্যবহার:** টেলিযোগাযোগ অধিদপ্তরের সকল শাখায় ই-নথির মাধ্যমে নথির কাজ নিষ্পন্ন করা হয়।

১০। **এস.ডি.জি বাস্তবায়ন:** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এস.ডি.জি.) ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনা অনুসারে কাজ করছে ।

১১। **জনসচেতনামূলক পোস্টার, ব্যানার, লিফলেট প্রচার:** টেলিযোগাযোগ অধিদপ্তর ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, অধিদপ্তরের কার্যক্রম এবং দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত বিভিন্ন পোস্টার, ব্যানার ও লিফলেট জনসচেতনতার উদ্দেশ্যে প্রচার করা হয়েছে ।

১২। **নিয়মিত প্রশিক্ষণ প্রদান:** টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে চাকরির আইন-বিধি, এপিএ, শুদ্ধাচার, ই-নথি, ই-জিপি, ইনোভেশন প্রভৃতি প্রশাসনিক বিষয়ে এবং টেলিযোগাযোগ ও অন্যান্য কারিগরি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়।

১৩। **ডিজিটাল উপস্থিতি পর্যবেক্ষণ:** টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের অফিসে উপস্থিতি ফেসিয়াল, আইডি কার্ড, আঙ্গুলের ছাপ সম্বলিত ডিজিটাল এটেনডেন্স যন্ত্রপাতির মাধ্যমে নিয়মিত উপস্থিতি পর্যবেক্ষণ করা হয়।

১৪। **বার্ষিক প্রতিবেদন প্রকাশ:** টেলিযোগাযোগ অধিদপ্তর, গৃহীত বিভিন্ন কার্যক্রম, অর্জন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে।

# আর্থিক ব্যবস্থাপনা

# আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক তথ্য :

**বার্ষিক বাজেট বরাদ্দ ও ব্যয়:** ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে টেলিযোগাযোগ অধিদপ্তর এর অনুকূলে অর্থ বিভাগ কর্তৃক বরাদ্দকৃত বাজেট ও মোট ব্যয়ের চিত্র নিম্নরূপ:

| আইটেম/খরচের খাত | বাজেট বরাদ্দ (হাজার টাকায়) | | মোট ব্যয় (হাজার টাকায়) | |
|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| কর্মচারীদের প্রতিদান | ৮৯,৯৯,৩৫.০০ | ৮৫,১৫,৬০.০০ | ৭৫,৬৩,৬১.০০ | ৬৯,৮৪,৬১.০০ |
| পণ্য ও সেবার ব্যবহার | ৭,৫১,১৫.০০ | ৬,৩৮,৪০.০০ | ৪,৯৫,৪৪.০০ | ৪,৪৩,৭৪.০০ |
| অআর্থিক সম্পদ | ১০,৩৮,০০.০০ | ৪,৮৪,০০.০০ | ১০,১০,৫৪.০০ | ৪,৬০,৩৮.০০ |
| সর্বমোট = | ১,০৭,৮৮,৫০.০০ | ৯৬,৩৮,০০.০০ | ৯০,৬৯,৫৯.০০ | ৭৮,৮৮,৭৩.০০ |

## ডিজিটাল আর্থিক ব্যবস্থাপনা:

সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে Intergrated Budget and Accounting System (IBAS++) এর সাথে অধিদপ্তরের আর্থিক ব্যবস্থাপনা (ব্যয় ও আয়) সংযুক্ত করা হয়েছে। বাজেট প্রণয়ন, সংশোধিত বাজেট প্রণয়ন, পূণ: উপযোজন, সকল কর্মকর্তা ও অধিদপ্তরে কর্মরত কর্মচারীগণের বেতন-ভাতা বিল, ব্যয়ের সকল ধরনের বিল-ভাউচার ইত্যাদি IBAS++ সিস্টেমে পরিশোধ করা হচ্ছে। অধিদপ্তরের অওতাধীন সমগ্র বাংলাদেশের কর্মকর্তা ও কর্মচারীগণের (পিআরএল ভোগরতসহ) বেতন, জিপিএফ, লাম্প গ্র্যান্ট বিল ইত্যাদি Electronic Fund Transfer (EFT)/অনলাইন ব্যাংক ব্যবস্থাপনার মাধ্যমে প্রদান করা হচ্ছে।

## পেনশন সংক্রান্ত কার্যক্রম সহজীকরণ:

বিলুপ্ত বিটিটিবি (বর্তমান বিটিসিএল) এর সকল রাজস্ব খাতভুক্ত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীকে টেলিযোগাযোগ অধিদপ্তরে ন্যস্ত করা হয়েছে। ন্যস্তকৃত কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে যারা অবসরে যাচ্ছেন, প্রশাসন শাখা থেকে তাদের পিআরএল মঞ্জুর, ১৮ মাসের ছুটি নগদায়ন মঞ্জুরি ও চূড়ান্ত জিপিএফ সংক্রান্ত প্রশাসনিক মঞ্জুরিপত্র জারির পর অর্থ শাখা থেকে উক্ত বিলসমূহ প্রস্তুতপূর্বক যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে পরিশোধের ব্যবস্থা করা হয়। অতপর অডিট আপত্তি, গৃহনির্মাণ ঋণসহ সকল দেনা-পাওনার হিসাব নিষ্পত্তিপূর্বক E-Nothi এর মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরিপত্র জারির পর পেনশন কেইসগুলো নিষ্পত্তির জন্য চিফ ফিন্যান্স এন্ড একাউন্টস অফিসার, তার ও দুরালাপনি, সেগুনবাগিচা, ঢাকা কার্যালয়ে প্রেরণ করা হয়। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে a2i কর্তৃক বাস্তবায়নাধীন র‍্যাপিড ডিজিটাইজেশন প্রকল্পের আওতায় 'mygov' Platform এ কর্মকর্তা ও কর্মচারীগণের পেনশন মঞ্জুরির আবেদন দাখিল প্রক্রিয়া ডিজিটালকরণ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

**২০২২-২০২৩ অর্থবছর পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন কেইস নিষ্পত্তি সংক্রান্ত তথ্যের সংক্ষিপ্ত বিবরণ:**

জুন'২০২৩ মাস পর্যন্ত টেলিযোগাযোগ অধিদপ্তর হতে চিফ ফিন্যান্স এন্ড একাউন্টস অফিসার, তার ও দূরালাপনি, সেগুনবাগিচা, ঢাকা কার্যালয়ে প্রেরিত এবং নিষ্পত্তিকৃত পেনশন কেইসসমূহের হিসাব।

| ক্রম | মাস | ডিওটি হতে প্রেরিত | মঞ্জুরিকৃত আনুতোষিক (হাজার টাকায়) | সিএএএফও হতে নিষ্পত্তির সংখ্যা | পরিশোধকৃত আনুতোষিক (হাজার টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১ | জুলাই'২২ | ১৮ | ৫৭,২৬৯.৬৬ | ৪৩ | ১১২,৬০৬.৪৫ |
| ২ | আগস্ট'২২ | ৪১ | ১১৮,০৮২.১২ | ৪০ | ১১৯,৩৩৪.৫০ |
| ৩ | সেপ্টে'২২ | ৩৯ | ১১৮,১৫৩.৫৩ | ২৯ | ৮৪,৩৪৯.৮৯ |
| ৪ | অক্টোবর'২২ | ৫৬ | ১৫২,৩৭৩.৭৪ | ২০ | ৬০,২৭৭.৯৪ |
| ৫ | নভেম্বর'২২ | ৩২ | ৯০২,৭৭৭.৮৮ | ৪০ | ১১৯,২৬৩.০৪ |
| ৬ | ডিসেম্বর'২২ | ৪৮ | ১৫১,৪৮৭.৭৮ | ২৯ | ৭৯,৪৯৩.৩৪ |
| ৭ | জানুয়ারি'২৩ | ৪০ | ১০৪,৯৮০.০৫ | ৪৯ | ১৩৭,৮৮৮.৫৩ |
| ৮ | ফেব্রুয়ারি'২৩ | ৪২ | ১১৯,৫৫৪.৯২ | ৪০ | ১১৮,৩৪১.৩১ |
| ৯ | মার্চ'২৩ | ৪৮ | ১৪৪,৫৪০.৮৬ | ৪৭ | ১২৭,৬৮৩.৩৮ |
| ১০ | এপ্রিল'২৩ | ২১ | ৫৭,৯৯৯.৬৫ | ৫১ | ১৩৩,৬৭৭.১৮ |
| ১১ | মে'২৩ | ৫৭ | ১৫০,০৯০.৫৩ | ৬৩ | ১৮২,০৮৪.৪৮ |
| ১২ | জুন'২৩ | ৫৮ | ১৫২,৭০০.৮০ | ৪২ | ১১২,০২৫.৯৭ |
| মোট ২০২২-২৩ | | ৫০০ | ২,২৩০,০১১.৪৮ | ৪৯৩ | ১,৩৮৭,০২৫.৯৯ |
| সর্বমোট ২০২২-২৩পর্যন্ত | | ৩৭৯৮ | ১০,৭৭০,২৯৭.২২ | ৩৭০০ | ৯,২৩৮,৬০৯.০৮ |


এখানে উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ অর্থবছর থেকে কর্মকর্তা/কর্মচারীগণের মাসিক অবসরভাতা ও আনুতোষিক খাতের ব্যয় অর্থ বিভাগের বাজেট হতে সংকুলান করা হচ্ছে।

২০২২-২০২৩ অর্থবছরে টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতাভূক্ত ৫০০ (পাঁচশত) জন কর্মকর্তা/কর্মচারীর পেনশন মঞ্জুরি প্রদান করা হয়েছে। এর মধ্যে ৪৯৩ (চারশত তিরানব্বই) জন কর্মকর্তা/কর্মচারীর পেনশন সিএএএফও হতে নিষ্পত্তি করা হয়েছে।




## CTDR Center এর কার্যক্রম :

- সাইবার অপরাধ হ্রাসে সহায়ক ভূমিকা পালন এবং নিরাপদ ইন্টারনেট ব্যবস্থাপনা সুনিশ্চিত করার উদ্দেশ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় টেলিযোগাযোগ অধিদপ্তরের অধীনে “সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন ৩১ ডিসেম্বর ২০১৯ সালে সমাপ্ত হয়। উক্ত প্রকল্পের মাধ্যমে দেশের বিভিন্ন International Internet Gateway (IIG) ও National Internet Exchange (NIX) স্থাপনায় প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে সংস্থাপিত সিস্টেম ব্যবহার করে ইন্টারনেটের মাধ্যমে নৈতিক অবক্ষয়মূলক ওয়েবসাইট সমূহের দৃশ্যমানতা বাংলাদেশ থেকে রোধ করা হচ্ছে। এ পদক্ষেপের অংশ হিসেবে সরকারের নীতিমালা এবং কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী জুন ২০২৩ পর্যন্ত প্রায় ২৫ হাজার পর্নোগ্রাফি সাইট, গ্যাম্বলিং সাইট, রাষ্ট্রীয় সম্পদ ও রাষ্ট্রবিরোধী ওয়েবসাইট বন্ধ বা প্রচারনা রোধ করা হয়েছে।






- “সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স” শীর্ষক প্রকল্প সমাপ্তির পর উক্ত সিস্টেম অধিদপ্তরে ন্যস্ত হয় এবং অধিদপ্তরের রাজস্ব বাজেট হতে ৮৭০ জিবিপিএস লাইসেন্স, প্রতিটি ১৫০ জিবিপিএস ক্যাপাসিটির ৬টি সার্ভিস গেটওয়ে ক্রয়, নতুন লিংক ও নতুন IIG PoP সম্প্রসারণ করা হয়।





- ব্যান্ডউইড্থ চাহিদা বৃদ্ধি ও ভবিষ্যতে স্থাপিতব্য IIG PoP সমূহকে CTDR Center এর আওতায় আনার জন্য CTDR Phase-II প্রকল্প বাস্তবায়নাধীন আছে।

- CTDR Center এর ট্রান্সমিশন লিংকসমূহের জন্য BTCL এবং ২টি বেসরকারি NTTN প্রতিষ্ঠান হতে সেবা গ্রহণ করা হয়।




- বিশ্বব্যাপি চলমান কোভিড-১৯ মহামারীর পরবর্তীতে ব্যান্ডউইড্থ চাহিদা ক্রমাগতভাবে বৃদ্ধি পাওয়ায় ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য প্রক্ষেপিত ২৮০০ জিবিপিএস ব্যান্ডউইড্থ মনিটরিং -এর বিপরীতে সিটিডিআর সেন্টারের (CTDR Center) মাধ্যমে ৩২০৪ জিবিপিএস ব্যান্ডউইড্থ মনিটরিং করা হয়েছে। এ ছাড়া নিয়মিত কার্যক্রমের অধীনে বিভিন্ন পর্ণোগ্রাফি, জুয়া, রাষ্ট্রীয় সম্পদ ও রাষ্ট্রবিরোধী ওয়েবসাইট ব্লকের কার্যক্রম চলমান আছে।



# উন্নয়ন কার্যক্রম

## চলমান প্রকল্পসমূহ :

**১। “সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ” শীর্ষক প্রকল্প**

সুবিধা বঞ্চিত, দুর্গম এলাকার প্রাথমিক বিদ্যালয় এবং পার্বত্য এলাকার পাড়াকেন্দ্র এর শিক্ষার্থীদের ডিজিটাল পদ্ধতিতে শিক্ষা অর্জনের সুযোগ করে দেয়ার লক্ষ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর **“সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ”** শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করছে। এ প্রকল্পের আওতায় সুবিধা বঞ্চিত বিভিন্ন অঞ্চলের ৬৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, পার্বত্য অঞ্চলের ২৮টি পাড়া কেন্দ্রসহ মোট ৬৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৯৭৮টি শ্রেণিকক্ষে ট্যাব, ল্যাপটপ, স্মার্ট ডিসপ্লে ডিভাইস সহযোগে ডিজিটাল ক্লাস রুম স্থাপন করা হয়েছে, যার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের প্রযুক্তি সমৃদ্ধ নাগরিক হিসেবে গড়ে তোলা সম্ভব হবে । এই কার্যক্রম সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের জেন্ডারভেদে সকল শিক্ষার্থীর জন্য Digital age-এর উপযোগি শিক্ষাব্যবস্থার উন্নীতকরণে সহায়ক ভূমিকা পালন করবে।






‘সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ’ শীর্ষক প্রকল্পের ক্লাশরুম পরিদর্শন



‘সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ’ শীর্ষক প্রকল্পের পার্বত্য অঞ্চলের পাড়াকেন্দ্র পরিদর্শন ও ট্যাব বিতরণ

**২। ক) বাংলাদেশে আইটিইউ স্বীকৃত টেলিকমিউনিকেশন কনফরমেন্স টেস্টিং সেন্টার স্থাপন ও টেলিকম টেস্টিং রেজিম প্রতিষ্ঠা এবং খ) ন্যাশনাল একাডেমি ফর এ্যাডভান্সড টেলিকমিউনিকেশন রিসার্চ অ্যান্ড ট্রেনিং (এনএএটিআরটি) প্রতিষ্ঠা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প**

মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ডিজিটাল বাংলাদেশ টাস্ক ফোর্সের ৩য় সভার ৫.৩ ও ৫.৪ নং সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশক্রমে ০১ জানুয়ারি’ ২০২৩ হতে ৩১ মার্চ’ ২০২৪ মেয়াদে এবং ২.৪৬ কোটি টাকা ব্যয়ে টেলিযোগাযোগ অধিদপ্তর এডিপি ভুক্ত এই সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প বাস্তবায়ন করেছে।

প্রকল্পের লক্ষ্য: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে টেলিযোগাযোগ খাতে শক্তিশালী প্রতিষ্ঠান (strong institutions) গড়ে তোলা।

প্রকল্পের আওতায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) দুইটি অংশেরই সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করছে

২.১। ডিজিটাল বাংলাদেশ টাস্ক ফোর্সের ৩য় সভার ৫.৩ নং সিদ্ধান্ত বাস্তবায়নের অংশ হিসেবে “বাংলাদেশে আইটিইউ স্বীকৃত টেলিকমিউনিকেশন কনফরমেন্স টেস্টিং সেন্টার স্থাপন ও টেলিকম টেস্টিং রেজিম প্রতিস্ঠা ”

বাংলাদেশে International Telecommunication Union (ITU) স্বীকৃত টেলিকমিউনিকেশন কনফরমেন্স টেস্টিং ল্যাব প্রতিষ্ঠার সমীক্ষা করা হবে। এই ল্যাবগুলো বাংলাদেশে প্রতিষ্ঠা হলে মোবাইল ফোন, IoT ডিভাইসসহ অন্যান্য টেলিযোগাযোগ ও আইসিটি যন্ত্রপাতি ও সরঞ্জাম বিদেশে রপ্তানি করা সম্ভব হবে। এছাড়া, বাংলাদেশে আমদানীকৃত টেলিযোগাযোগ ও আইসিটি যন্ত্রপাতির প্রমিতমান ও inter-operability নিশ্চিত করা সম্ভব হবে। ফলে দেশে টেলিযোগাযোগ সেবার নিরাপত্তা ও গুণগত মান বৃদ্ধি পাবে।

উল্লেখ্য যে, টেলিযোগাযোগ ডিভাইস/সরঞ্জামের স্থানীয় উৎপাদন এবং বিশ্বব্যাপী বাজার তৈরির ক্ষেত্রে উৎপাদিত পণ্য বৈশ্বিক বাজারে প্রবেশের জন্য প্রযুক্তিগত মানের (technical standards) যথাযথ প্রতিষ্ঠা করা অন্যতম পূর্বশর্ত, যা দেশের অভ্যন্তরীণ বাজারের জন্য ডিজিটাল পণ্যের আমদানি ও দেশে উৎপাদিত ডিজিটাল পণ্যের বহির্বিশ্বে রপ্তানি উভয় ক্ষেত্রেই প্রযোজ্য।

২.২। ডিজিটাল বাংলাদেশ টাস্ক ফোর্সের ৩য় সভার ৫.৪ নং সিদ্ধান্ত বাস্তবায়নের অংশ হিসেবে "ন্যাশনাল একাডেমি ফর এ্যাডভান্সড টেলিকমিউনিকেশন রিসার্চ অ্যান্ড ট্রেনিং (এনএএটিআরটি) প্রতিষ্ঠা"

ন্যাশনাল একাডেমি এই বিষয়টি অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। টেলিযোগাযোগ ও আইসিটি খাতে উচ্চতর গবেষণার কোনো প্রতিষ্ঠান বাংলাদেশে বর্তমানে নাই। কিন্তু জ্ঞান-ভিত্তিক সমাজ ও উদ্ভাবনী সক্ষমতা সম্পন্ন স্মার্ট বাংলাদেশ নির্মাণে উচ্চতর গবেষণা ও প্রশিক্ষণের কোন বিকল্প নাই। তাই ন্যাশনাল একাডেমি ফর এ্যাডভান্সড টেলিকমিউনিকেশন রির্সাচ অ্যান্ড ট্রেনিং প্রতিষ্ঠার জন্য বুয়েটের মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা হচ্ছে। ন্যাশনাল একাডেমিতে আন্তর্জাতিক মানের গবেষণা পরিচালনা করা হব, যেখানে দেশের অভিজ্ঞ ও তরুণ গবেষকরা কাজ করবে। সেখানে বিদেশে বসবাসরত বাংলাদেশি (এনআরবি) ও বিদেশি গবেষকদেরও কাজের সুযোগ থাকবে। জাতীয় পর্যায়ে একটি এ্যাডভান্সড টেলিকমিউনিকেশন রির্সাচ অ্যান্ড ট্রেনিং সেন্টার স্থাপিত হলে তা' টেলিযোগাযোগ ও আইসিটি খাতের ইন্ডাস্ট্রি, একাডেমিয়া ও সরকারের মধ্যে সমন্বয়ের কার্যকরি প্লাটফর্ম হিসেবে কাজ করবে। টেলিযোগাযোগের এই ন্যাশনাল একাডেমি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অন্যতম একটি শক্তিশালী প্রতিষ্ঠান হবে।

**৩। সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স (ফেজ-২) প্রকল্প।**

- টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি) সামাজিক যোগাযোগ মাধ্যমে সম্প্রচারিত সন্ত্রাস, অশ্লীলতা ও জালিয়াতিমূলক কর্মকান্ড সম্পর্কে নাগরিকদের সুরক্ষিত এবং নিরাপদ করতে ইন্টারনেট ব্যবস্থাকে নিশ্চিত করতে চায়। তারই প্রেক্ষিতে " Cyber Threat Detection and Response (CTDR)" শীর্ষক প্রকল্প সফলভাবে বাস্তবায়ন করেছে।

- সাম্প্রতিক কালে ইন্টারনেট ব্যবহারের প্রবণতা দেশব্যাপি বৃদ্ধি পেয়েছে। এই পরিস্থিতিতে, IIG সমূহের ব্যান্ডউইথ চাহিদা দ্রুত বৃদ্ধি পেয়েছে । বিদ্যমান IIG সমূহের নতুন POP স্থাপন সংক্রান্ত অনুরোধ আসছে। ফলে ব্যান্ডউইথ বৃদ্ধির কারণে নতুন যন্ত্রপাতি স্থাপনের প্রয়োজনীয়তা তৈরী হয়।

- প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বিদ্যমান সিটিডিআর সিস্টেমের সক্ষমতা বৃদ্ধি করে ব্যান্ডউইথের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা সম্ভব হবে। বর্ধিত ইন্টারনেট ট্রাফিক বিবেচনায় ইন্টারনেট সংক্রান্ত নীতিমালার সফল বাস্তবায়ন, জাতীয় গোপনীয়তা নিশ্চিতকরণ ও সরকারি নীতি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য (CTDR) Phase2- প্রকল্প বাস্তবায়ন করার প্রয়োজন রয়েছে।

- নিরাপদ ইন্টারনেট সংযোগ সুবিধা যথাযথ ব্যবহারের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন করতে সক্ষম হবে। বিপরীতে, অনিরাপদ ইন্টারনেট সংযোগ দেশে অস্থিরতা সৃষ্টি করে সামগ্রিক উন্নয়ন বাধাগ্রস্থ করে।

- প্রস্তাবিত প্রকল্পটি বিদ্যমান সিটিডিআর সিস্টেমের কাজের ধারাবাহিকতা বজায় রেখে মানসম্মত ও নিরাপদ ইন্টারনেট সেবা প্রদানে সহায়ক হয়ে দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে।

- এসডিজিতে উল্লেখিত ১৬৯টি টার্গেট এর মাধ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তিনটি লক্ষমাত্রায় (9.c,17.6.2,17.8.1) লিড হিসাবে আছে। প্রকল্পটি SDG টার্গেট সমূহের মধ্যে বিশেষভাবে

- Goal 9: Build resilient infrastructure, promote inclusive and sustainable industrialization and foster innovation
- Gaol 17: Strengthen the means of implementation and recvitalize the global partnership for sustainable development এর সাথে সম্পর্কিত।
- প্রকল্পটি SDG Goal পূরণ ও দেশের সাইবার নিরাপত্তাকে সুসংহত করবে। SDG Goal অর্জন, স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে প্রকল্পটির রূপরেখা প্রস্তুত করা হয়েছে।
- প্রকল্প হতে প্রাপ্ত ফলাফল বৈদেশিক বিনিয়োগকে উৎসাহিত করবে এবং দেশের উন্নয়নে অবদান রাখবে ।
- এছাড়া প্রকল্পটি 8th Five year plan এর Section 6.6.3 (Goals, Targets and Strategies of Telecom Sector during the 8FYP) বাস্তবায়নে অবদান রাখবে।
- ২০২৫ সাল নাগাদ ফোরকাষ্টকৃত ব্যান্ডউইড্থ, অতিরিক্ত লাইসেন্স, অতিরিক্ত সার্ভিস গেটওয়ে এর সংখ্যা উল্লেখকে বিবেচনায় নিয়ে উক্ত প্রকল্পের সার্বিক কার্যক্রম গ্রহণ করা হয় ।




পাড়াকেন্দ্র পরিদর্শনে ডিজি ডিওটি



পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সভা কক্ষে অনিষ্ঠিত সভায় অনলাইনে সংযুক্ত মাননীয় মন্ত্রী



জনাব মো: আবু তালেব, এডিজি রেগুরেটরি পিআরএল উপলক্ষে বিদায় অনুষ্ঠান

# উন্নয়ন পরিকল্পনা

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ :

১। Establishment of Cyber Security Center of Excellence and Network Security of Bangladesh

**প্রেক্ষাপট:**

- বাংলাদেশ সরকার দেশের টেলিযোগাযোগ ও আইসিটি অবকাঠামোর জন্য হুমকি/ ঝুঁকিসমূহ সাফল্যের সাথে প্রতিরোধ করার জন্য করনিয় সম্পর্কিত National Cyber security Strategy (NCS), 2014 প্রণয়ন করেছে।
- বর্তমানে দেশে নেটওয়ার্ক ইনফ্রাস্ট্রাকচার যন্ত্রাংশ তথা 'Digital Assets' এর পরিমাণ উল্লেখযোগ্য যা আগামী বছরগুলোতে আরও বৃদ্ধি পাবে। সাইবার আক্রমণ প্রতিরোধে সক্ষম স্থাপনা এবং দক্ষ কর্মীর অভাবের কারণে আইসিটি সেক্টর সম্পর্কিত অবকাঠামো, সেবাসমূহ, শ্রমবাজার, আয়, প্রভৃতি বিশেষ হুমকির সম্মুখীন আছে। এই প্রকল্প Cyber Security Center of Excellence (CCoE) and Network Security of Bangladesh (NSB) স্থাপন ও বাস্তবায়নের মাধ্যমে সাইবার ঝুঁকি হ্রাসে দক্ষ জনবল তৈরি করা এবং দেশে বিদ্যমান ডাটা নেটওয়ার্ক-কে যুগোপযোগী নিরাপত্তা প্রদানে সহায়ক হবে।
- টেলিকম ও আইসিটি সেক্টরে উন্নয়ন অব্যাহত রেখে স্মার্ট বাংলাদেশ গঠনে ভূমিকা রাখার জন্য দেশের "Digital Assets" এর নিরাপত্তা প্রদানে সহায়তা করা, সাইবার আক্রমণ হতে দেশের সমাজ ও অর্থনৈতিক অবকাঠামোকে নিরাপদ রাখা, সাইবার আক্রমণ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় সফ্টওয়ার ও হার্ডওয়ারসমূহ স্থাপন এবং এ সংক্রান্ত দক্ষ জনবল গঠন ও তাঁদের দক্ষতা বৃদ্ধিতে সহায়ক পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে এই প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**প্রকল্পের উদ্দেশ্য:**

- দেশব্যাপী সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা পালনে সাইবার সিকিউরিটি সেন্টার অব এক্সিলেন্স (CCoE) স্থাপন;
- সাইবার নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ক্যাপাসিটি বিল্ডিং এবং সাইবার নিরাপত্তায় অভিজ্ঞ জনবল প্রস্তুত করা ;
- বিবিধ DDoS ও Malware হুমকি ও আক্রমণ হতে দেশের বিদ্যমান ডাটা নেটওয়ার্ককে রক্ষার জন্য যথোপযুক্ত ও সর্বাধুনিক যন্ত্রপাতি এবং সফ্টওয়্যার সমৃদ্ধ Network Security of Bangladesh (NSB) স্থাপন।

**প্রধান কার্যক্রম:**

- সাইবার ঝুঁকি এবং তা নিরসনের প্রক্রিয়া বিষয়ে ক্যাপাসিটি বিল্ডিং এবং সংশ্লিষ্টদের দক্ষতার ঘাটতি পূরণের লক্ষ্যে Cyber Security Center of Excellence (CCoE) স্থাপন;
- Cyber Range, Network Lab, Network Security Lab, Digital Forensic and social media Analytics Lab, ICT Infrastructure Room এবং Research and Development (R & D) Lab সমৃদ্ধ Cyber Security Center of Excellence (CCoE) স্থাপনে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপন;

- দেশের আন্তর্জাতিক ইন্টারনেট ট্রাফিক-এর জন্য বিদ্যমান core network-কে DDoS আক্রমণ এবং Malware হতে নিরাপত্তা প্রদানে সক্ষম Network Security of Bangladesh (NSB) স্থাপনে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপন;

২। "দুর্গম এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সংশ্লিষ্ট এলাকার ডাকঘরে ডিজিটাল কানেক্টিভিটি প্রদান" শীর্ষক প্রকল্প

**প্রকল্পের উদ্দেশ্য:**

- এ প্রকল্পের আওতায় দুর্গম এলাকার ১০০০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩০০০টি শ্রেণিকক্ষে ট্যাব, ল্যাপটপ, স্মার্ট ডিসপ্লে ডিভাইস সহযোগে ডিজিটাল ক্লাস রুম স্থাপন করা;
- দুর্গম এলাকার ২০০টি ডাকঘরে ল্যাপটপ, Photoprinter, webcam, Headphone, finger machine, pos machine, তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি ও আনুষঙ্গিক, বৈদ্যুতিক সরঞ্জামাদি, আসবাবপত্র, অভ্যন্তরীণ ইন্টারনেট connectivity equipment (router, media converter, cable etc.) ইত্যাদি স্থাপন করা;

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

- টেলিযোগাযোগ অধিদপ্তরের জন্য একটি যুগোপযোগী নিজস্ব অফিস ভবন নির্মাণ করা;
- এসডিজি ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের একশন প্ল্যানে টেলিযোগাযোগ অধিদপ্তর সংশ্লিষ্ট অংশসমূহ বাস্তবায়ন;
- সরকারের নীতি বাস্তবায়ন এবং প্রাতিষ্ঠানিক উন্নয়নের উদ্দেশ্যে প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন;
- দেশে টেলিযোগাযোগ খাতে আরও ব্যাপক ভূমিকা পালনের নিমিত্ত টেলিযোগাযোগ অধিদপ্তরের দক্ষতা/ সক্ষমতা বৃদ্ধির বিভিন্ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করা;
- অধিদপ্তরের কর্মপরিধির আলোকে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- অধিদপ্তরের ফাংশনাল উইংসমূহ সৃজনে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;



DOT
ডিপার্টমেন্ট অফ
টেলিকমিউনিকেশন্স


**টেলিযোগাযোগ অধিদপ্তর**
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www. telecomdept.gov.bd